Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 04 June, 2025

প্রথমবারের মতো সরাসরি মাঠ পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা সেবা দিচ্ছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ভেটেরিনারি অনুষদের ১৬ শিক্ষার্থী।ঈদুল আজহা উপলক্ষে ঢাকার কোরবানির পশুর হাটে স্বাস্থ্যসম্মত পশু বিক্রয় ও সেবার মান নিশ্চিত করতে এই বিশেষ উদ্যোগ আগামী বৃহস্পতিবার (৫ জুন) পর্যন্ত চলবে।

জানা যায়, ঈদুল আযহা উপলক্ষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতায় স্থাপিত ১৩টি ও উত্তর সিটি কর্পোরেশনের আওতায় স্থাপিত ৮টি, মোট ২১টি কোরবানির হাটে পশুর প্রাথমিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে বাকৃবির ভেটেরিনারি অনুষদের মেডিসিন বিভাগের অধ্যাপক এবং 'অ্যানিমেল স্যাভিয়ার্স অব বাংলাদেশ' এর আহ্বায়ক ড. মো. মাহবুব আলমের উদ্যোগে বাকৃবি হতে ১৬ সদস্য বিশিষ্ট ৪টি ভেটেরিনারি মেডিক্যাল টিম পাঠানো হয়েছে।

এ বিষয়ে অধ্যাপক ড. মাহবুব আলম বলেন, "এবারই প্রথমবার আমাদের বিশ্ববিদ্যালয়ের ১৬ জন শিক্ষার্থী ভেটেরিনারি মেডিক্যাল টিমে সেবা দিচ্ছে, আগামীতে আরো বেশি শিক্ষার্থী যেন এই কার্যক্রমে যুক্ত হতে পারে এ বিষয়ে আমরা কাজ করব।'

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নিয়োজিত ৯ নং টিমের ভেটেরিনারি সার্জন ডা. মো. আবু হাসান লাভলু বলেন, "মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে প্রাণিসম্পদ অধিদপ্তরের সহযোগিতায় ঢাকার ২১ টি কোরবানির হাটে প্রতিবছর এর ন্যায় এবারও পরিচালিত হচ্ছে। অভিজ্ঞ ভেটেরিনারি ডাক্তার ও বিশ্ববিদ্যালয়ের ইন্টার্ন শিক্ষার্থীদের সমন্বয়ে ভেটেরিনারি মেডিক্যাল টিম গঠন করা হয়েছে।উক্ত টিম কুরবানির হাটের গরু, ছাগল, ভেড়া, মহিষ প্রভৃতি

প্রাণীদের কে বিনামূল্যে ওষুধ, সেবা ও পরামর্শ দিচ্ছে।এই কার্যক্রম ৩ দিন অব্যাহত থাকবে। এছাড়াও সারাদেশে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগেও ভেটেরিনারি মেডিকেল টিম স্থানীয় কোরবানির হাটে আগত প্রাণীর স্বাস্থ্যসেবায় নিয়োজিত আছে।'

এসময় বাকৃবির শিক্ষার্থী বিজয় বলেন, "অনেক প্রাণী একসাথে থাকায় সহজেই এক প্রাণী থেকে অন্য প্রাণীতে রোগ ছড়ায়। তাই এ ব্যাপারে আমরা যথেষ্ট সতর্ক রয়েছি। প্রথমবার আসতে পেরে আমরা অনেক উচ্ছ্বসিত।'

প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এবারের কোরবানির ঈদে সারাদেশে তিন হাজার ছয়শটি হাট বসবে এবং এসব হাটে মোট দুই হাজার মোবাইল ভেটেরিনারি টিম দায়িত্ব পালন করবে।

উল্লেখ্য, ৩ জুন সকালে ফার্মগেটে অবস্থিত কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশে (কেআইবি) কোরবানির পশুরহাটে গবাদিপশুর প্রাথমিক চিকিৎসাসেবাসহ হাটের সার্বিক ব্যবস্থাপনা কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারী এবং ইন্টার্ন চিকিৎসকগণের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ফরিদা আখতার।

ভেটেরিনারি কোরবানির হাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 09 June, 2025 02:59

URL: https://timestodaybd.com/public/campus/3341775807